**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 17-04-2026** **Desk in Charge : KL**
**Time : 1-40 PM** **Edit. & Compile : Kalyan L./ Rakim B.**
**DEO : KB** **NRT : Rakim Bhatyacharya**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ আইনসভায় মহিলা সদস্যদের প্রতিনিধিত্ব বৃদ্ধি সংক্রান্ত তিনটি গুরুত্বপূর্ণ বিল নিয়ে লোকসভায় আজ'ও আলোচনা চলছে। # বিকেলে এই নিয়ে ভোটাভুটি হওয়ার কথা।

২/ পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফার বিধানসভায় নির্বাচনে ১৪২-টি আসনে নিরাপত্তা ব্যবস্থা সহ অন্যান্য প্রস্তুতি পর্যালোচনায় নির্বাচন কমিশন আজ আরও এক দফায় বৈঠকে বসতে চলেছে।

৩/ রাজ্যে বিধানসভা নির্বাচনের দোরগোড়ায় জমে উঠেছে প্রচারাভিযান। বিজেপি নেতা, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ বলেছেন, বাংলায় সুশাসন প্রতিষ্ঠাই তাদের একমাত্র লক্ষ্য। #বিজেপি বাইরে থেকে লোক এনে বাংলায় ভোট করাতে চাইছে বলে অভিযোগ করেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৪/ কলেজের সহকারী অধ্যাপকদের ভোটের কাজে পোলিং অফিসার হিসেবে নিযুক্ত করার সিদ্ধান্ত খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫/ আর্থিক প্রতারণা তদন্তে তৃণমূল কংগ্রেস নেতা দেবাশিস কুমারের বাড়ি ও নির্বাচনী কার্যালয়ে তল্লাশি আয়কর দফতরের।

৬/ IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স আজ গুজরাট টাইটান্সের বিরুদ্ধে খেলবে।

*****************************************************************

লোকসভায় আজ ১৩১-তম সংবিধান সংশোধনী বিল-২০২৬, ডিলিমিটেশন বা আসন পুনর্বিন্যাস বিল ২০২৬ এবং কেন্দ্রশাসিত অঞ্চল সংক্রান্ত আইন সংশধনী বিল নিয়ে আলোচনা চলছে। বিল তিনটির লক্ষ্য হল, লোকসভা এবং বিধানসভাগুলিতে মহিলাদের প্রতিনিধিত্ব বৃদ্ধি করা। আজ বিকেলে এই তিন বিল নিয়ে ভোটাভুটি হওয়ার কথা।

বিজেপি সাংসদ দীনেশ শর্মা, মহিলা সংরক্ষণ বিলটিকে 'ঐতিহাসিক' আখ্যা দিয়ে বলেন, বিরোধীদের একটা সুযোগ এসেছে, নিজেদের সংশোধন করে নেওয়ার।

অন্যদিকে, জনতা দল ইউনাইটেডের সাংসদ সঞ্জয় ঝাঁ, মহিলা সংরক্ষণ বিল-কে স্বাগত জানিয়ে বলেন, এটি একটি দীর্ঘ প্রতীক্ষিত পদক্ষেপ। আকাশবাণীকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, মহিলাদের জন্য এক তৃতীয়াংশ আসন সংরক্ষণ বিলটি সর্বসম্মতভাবে পাশ হওয়া উচিত।

এদিকে, বিতর্কে অংশ নিয়ে DMK সাংসদ কে কানিমোঝি বিলের বিরোধিতা করে বলেন যে, ২০২৩ সালে পাশ হওয়া নারী সংরক্ষণ আইনটি নিয়ে কেন্দ্র গতরাতে কেন বিজ্ঞপ্তি প্রকাশ করলো। সংসদে যখন মহিলা সংরক্ষণ নিয়ে আলোচনা চলছে, তখন এই পদক্ষেপের প্রয়োজনীয়তা নিয়ে'ও তিনি প্রশ্ন তোলেন। কানিমোঝির অভিযোগ, তামিলনাডু ও কয়েকটি রাজ্যে নির্বাচন প্রক্রিয়াকে ব্যবহত করাই এর উদ্দেশ্য।

************************

রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনে ১৪২-টি আসনে নিরাপত্তা ব্যবস্থা, ভোটের দিনের প্রস্তুতি পর্যালোচনায় নির্বাচন কমিশন আজ আরও এক দফায় বৈঠকে বসছে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠকের পৌরোহিত্য করবেন নির্বাচন কমিশনের সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার মণীশ গর্গ। দুপুর ৩'টে নাগাদ ওই বৈঠক হওয়ার কথা।

এর আগে গতকাল প্রথম দফার ১৫২-টি আসনের নির্বাচনের জন্য বৈঠক হয়। উপস্থিত ছিলেন জেলার নির্বাচনী আধিকারিক এবং সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রগুলির রিটার্নিং অফিসাররা।

***********************

নির্বাচন কমিশন, প্রথম দফার ভোটের আগে ইভিএম ও ভিভিপ্যাটের চূড়ান্ত প্রস্তুতির কাজ শুরু করেছে। গতকাল থেকে রাজ্যের বিভিন্ন কেন্দ্রে এই প্রক্রিয়া শুরু হয়েছে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, ২৩ এপ্রিল যেসব কেন্দ্রে ভোট গ্রহণ, সেই সব জায়গাতেই প্রার্থী বা তাঁদের প্রতিনিধিদের উপস্থিতিতে এই প্রস্তুতি ও পরীক্ষা চালানো হচ্ছে। পাশাপাশি থাকছেন সাধারণ পর্যবেক্ষকরাও।

এই প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ অংগ হিসেবে নির্দিষ্ট সংখ্যক ইভিএমে ‘মক পোল’ করা হবে। মোট মেশিনের ৫ শতাংশ বেছে নিয়ে তাতে ১০০০ ভোট দিয়ে পরীক্ষা করা হবে। প্রার্থীরা চাইলে নিজেরাই এই ‘মক পোল’ প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন বলে কমিশন জানিয়েছে ।

***********************

ট্রাইব্যুনালের সিদ্ধান্তের ভিত্তিতে ভোটার তালিকায় নাম নথিভুক্ত করা নিয়ে সুপ্রিম কোর্টের সাম্প্রতিক নির্দেশে কোনও জটিলতা হবে না বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। গতকাল তিনি বলেন, পুরো প্রক্রিয়াটিই অনলাইনে সম্পন্ন হবে, ফলে ভোটার তালিকায় শেষ মুহূর্ত পর্যন্ত নাম যুক্ত করার সুযোগ থাকবে।

গতকাল এই প্রসঙ্গে প্রতিক্রিয়া দিতে গিয়ে শ্রী আগরওয়াল বলেন, আদালতের নির্দেশ কার্যকর করতে প্রশাসনের কোনও অসুবিধা হবে না। সমস্ত আবেদন ও প্রক্রিয়া ডিজিটাল মাধ্যমে সম্পন্ন করার ব্যবস্থা রয়েছে।

একইসঙ্গে ভোটাধিকার ফিরে পাওয়া কোন নাগরিক যদি ভোটে দাঁড়াতে চান সে ক্ষেত্রে কি হবে সেই প্রশ্নের জবাবে মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, অগ্রাধিকারের ভিত্তিতে তাঁদের আবেদন জমা দেওয়ার সুযোগও দেওয়া হয়েছিল।

আগেই জানানো হয়েছে, রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচনের জন্য ২১-শে এপ্রিল এবং দ্বিতীয় দফার জন্য ২৭-শে এপ্রিলের মধ্যে বাদ পড়া ভোটারদের নাম ট্রাইবুনালের

ছাড়পত্র পেলে, তাঁরা ভোট দিতে পারবেন বলে সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে। তবে, ট্রাইব্যুনালে বাদ পড়া কেউ বা যাঁদের নামের নিষ্পত্তি হবে না, তাঁরা ভোট দিতে পারবেন না বলে শীর্ষ আদালত লিখিত নির্দেশে জানিয়েছে। মামলার পরবর্তী শুনানি ২৪-শে এপ্রিল।

************************

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জমে উঠেছে প্রচারাভিযান।বিজেপি নেতা ও মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ আজ দলীয় কর্মসূচিতে অংশ নিতে রাজ্যে এসে পৌঁছেছেন। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে যোগ দিয়ে তিনি বলেন, এবারের বিধানসভায় নির্বাচন বিজেপির বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের নয়, এই লড়াই তৃণমূল কংগ্রেস ও মমতা ব্যানার্জীর বিরুদ্ধে রাজ্যের মানুষের লড়াই। সোনার বাংলা গড়তে রাজ্যের মানুষ বিজেপির পক্ষে ভোট দেবেন বলে তিনি মত প্রকাশ করেন। বাংলায় সুশাসন প্রতিষ্ঠাই একমাত্র লক্ষ্য বলে তিনি উল্লেখ করেন।

( বাইট – দেবেন্দ্র )

আসামের মুখ্যমন্ত্রী, বিজেপি নেতা হিমন্ত বিশ্বশর্মা আজ উত্তর দিনাজপুরের হেমতাবাদে এক জনসভায় যোগ দিয়েছেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্বাচনী প্রচারে আজ কোচবিহারে দলীয় প্রার্থীর সমর্থনে একটি জনসভায় যোগ দিয়ে বলেন, রাজ্যের মানুষ তৃণমূল কংগ্রেসের একাধিক প্রকল্পের সুবিধা পেয়েছেন। বিজেপি, বাইরে থেকে লোক এনে টাকা দিয়ে রাজ্যে ভোট করাতে চাইছে বলে তিনি অভিযোগ করেন।

( বাইট – মমতা )

এরপর তিনি আরও একটি জনসভা এবং একটি পদযাত্রা করবেন। পরে দুর্গাপুর পশ্চিম বিধানসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে একটি পদযাত্রায় অংশ নেওয়ার কথা রয়েছে তাঁর।

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ দার্জিলিং-এ দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার চালাবেন। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী দলীয় প্রার্থীর সমর্থনে আলিপুরদুয়ারে এক কর্মসূচিতে যোগ দেবেন। যাদবপুরে আজ সন্ধ্যায় ওই আসনের প্রার্থীর সমর্থনে দলীয় কর্মী-সমর্থকরা হালতু পোস্ট অফিস থেকে সন্তোষপুর মিনি বাস স্ট্যান্ড পর্যন্ত এক মিছিলে অংশ নেবেন।

কংগ্রেস, ISF সহ অন্যান্য দলগুলির প্রচারও চলছে জোরকদমে।

************************

রাজ্যে দুর্নীতি, নারী সুরক্ষার অভাব, বেকারত্ব এবং রাজনৈতিক হিংসার জায়গায় বাইনারী পলিটিক্স করা হচ্ছে বলে প্রদেশ  কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অভিযোগ করেছেন। গতকাল দলীয় কার্যালয় বিধানভবনে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মুখে এস আই আর-এর বিরোধিতা করলেও এব্যাপারে তিনি কার্যত কিছুই করেননি। এ আই সি সি-র সাধারণ সম্পাদক গোলাম আহমেদ মীর বলেন, গত ৪০ বছর ধরে রাজ্যে উন্নয়নের গতি থমকে গেছে।

************************

কলেজের সহকারী অধ্যাপকদের পোলিং অফিসার হিসাবে নিযুক্ত করার সিদ্ধান্ত খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি কৃষ্ণা রাও এদিন তাঁর নির্দেশে জানিয়েছেন, আদালত একাধিক বার নির্বাচন কমিশনকে নথি পেশ করার কথা বলা হলেও তাঁরা কেন অধ্যাপকদের ভোটের কাজে নিযুক্ত করেছে তা জানাতে ব্যার্থ হয়েছে। তবে যাঁরা স্বতঃস্ফূর্তভাবে এই দায়িত্বপালনে ইচ্ছুক, তাঁরা ডিউটি করতে পারেন বলেও আদালত জানিয়েছে। তবে, অধ্যাপকদের বেতন ও পদের কথা মাথায় রেখে দায়িত্ব দিতে হবে বলে বিচারপতি কৃষ্ণা রাও জানিয়েছেন।

************************

আর্থিক প্রতারণার তদন্তে আয়কর দফতরের আধিকারিকরা আজ রাসবিহারীর তৃণমূল কংগ্রেস নেতা এবং এবারের প্রার্থী দেবাশিস কুমারের বাড়ি ও নির্বাচনী কার্যালয়ে তল্লাশি চালাচ্ছে। উদ্ধার হয়েছে বেশ কিছু নথিপত্র। তল্লাশি চলে তৃণমূল কংগ্রেসের

ট্রেড ইউনিয়নের নেতা কুমার সাহার বাড়ি ও অফিসেও। সেখান থেকেও বেশ কিছু নথি মিলেছে বলে খবর। সকাল সাড়ে এগারোটা নাগাদ তাঁর বাড়ি থেকে বেরিয়ে যান আয়কর দফতরের আধিকারিকরা। এখনও তাঁর কার্যালয়ে তল্লাশি অভিযান চলছে। কেন্দ্রীয় সংস্থার আধিকারিকদের সঙ্গে রয়েছেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরাও।

এর আগে জমি দখল সংক্রান্ত মামলায় জিজ্ঞাসাবাদের জন্য দেবাশিষ কুমারকে সল্টলেকের সিজিও কমপ্লেক্সে ডেকে পাঠিয়েছিল ইডি। এই ঘটনার প্রেক্ষিতে দেবাশিষ কুমারের মতিলাল নেহরু রোডের পার্টি অফিসে বিক্ষোভ দেখাতে শুরু করেছেন তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকেরা।

এদিকে, জমি দখল মামলার তদন্তে এনফোর্সমেন্ট নির্দেশালয়–ইডি আজ মার্লিন গ্রুপের একাধিক ঠিকানায় তল্লাশি চালাচ্ছে। তল্লাশি চলছে ওই সংস্থার আধিকারিকদের বাড়িতেও।

************************

ঝাড়গ্রামের গোপীবল্লভপুর বিধানসভার বিজেপি প্রার্থীর প্রচার চলাকালীন গতকাল তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে বিজেপি কর্মীদের ওপর হামলা চালানোর অভিযোগ উঠেছে। আহত ১ বিজেপি কর্মীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই ঘটনার প্রতিবাদে এবং দুষ্কৃতীদের গ্রেফতারির দাবিতে গতকাল রাতে সাঁকরাইল থানার সামনে বিক্ষোভ দেখায় গোপীবল্লভপুর বিধানসভার বিজেপি প্রার্থী সহ দলীয় কর্মী সমর্থকরা। থানার সামনেই টায়ার জ্বালিয়ে প্রতিবাদ জানান হয়।

বিজেপির অভিযোগ, থানার ওসির নির্দেশে গতকাল গভীর রাতে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা তাঁদের কর্মী সমর্থকদের ওপর লাঠিচার্জ করে। প্রতিবাদে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে বিজেপি প্রার্থী। তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি ও পক্ষপাতদুষ্ট পুলিশ আধিকারিকদের বরখাস্ত করারও দাবি তুলেছেন তিনি।

************************

নাগরিকদের নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণে উৎসাহ দিতে নির্বাচন কমিশনের SVEEP উদ্যোগের আওতায় দার্জিলিঙের চৌরাস্তা এলাকায় আজ সকালে প্রবীণ নাগরিক ও

তরুণ প্রজন্মের প্রতিনিধিরা সমবেত হন। অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচনের ভাবনাকে সামনে রেখে পায়ে হেঁটে পথ পরিক্রমা বা "ওয়াকাথন"-এ সামিল হন তাঁরা।

***********************

IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, গুজরাট টাইটানস-এর মুখোমুখি হবে। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

***************************************************************